দৈনিক বাংলা

তারিখ ...31 MAR 1997
পৃষ্ঠা ৫ কলাম ৩

01

# একটি পরীক্ষার ফল

পরীক্ষাটি কি বাতিল হয়েছে—এ শিরোনামে একটি চিঠি আছে ঢাকার একটি দৈনিকে। চিঠির বিষয়বস্তু হচ্ছে পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব। বিলম্বের ফলে প্রশ্ন দেখা দিয়েছে, আদৌ পরীক্ষার ফল বের হচ্ছে কিনা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এলএলবি ১৯৯৩ সালের প্রিলিমিনারী পরীক্ষা শুরু হয়েছিল ১৯৯৫ সালের ৩০ ডিসেম্বর। তারপর পুরো '৯৬ সাল কেটে গেছে। এখন ১৯৯৭ সালের মার্চ মাস। কিন্তু ঐ পরীক্ষার ফল প্রকাশের কোন তাগিদ নেই কোন মহলে। অথচ প্রায় একই সময় জাতীয় বিশ্ববিদ্যালয় যে পরীক্ষা গ্রহণ করেছিল তার ফল বের হয়ে গেছে। এর পরবর্তী পরীক্ষাও শেষ হয়ে গেছে। এ পরিস্থিতিতেই প্রশ্ন উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫ সালে অনুষ্ঠিত ১৯৯৩ সালের প্রিলিমিনারী পরীক্ষার ফলাফলের হাল কি। এ পরীক্ষা বাতিল হয়ে যায়নিত।

পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের ব্যাপারে ছাত্র এবং অভিভাবকদের একটি দীর্ঘদিনের অভিযোগ আছে। অভিযোগ হচ্ছে পরীক্ষার উত্তরপত্র নিরীক্ষকদের সম্পর্কে। অভিযোগ হচ্ছে বছরের পর বছর বিশ্ববিদ্যালয় অঙ্গনে একটি কথা শোনা যাচ্ছে যে শিক্ষকতার বাইরে অনেক শিক্ষক ভিন্ন কাজে ব্যাপৃত থাকেন। অনেকেই বিভিন্ন প্রকল্পের কাজ করেন। অনেকেই দেশের বাইরে থাকেন বছরের একটি নির্দিষ্ট সময়ে। অথচ এদের অনেকের ওপরই দায়িত্ব পড়ে উত্তরপত্র নিরীক্ষণের। ফলে যা ঘটার তাই ঘটে। বিশ্ববিদ্যালয়ের কোথাও অশান্তি না থাকলেও অশান্তি সৃষ্টি হয় পরীক্ষার ফলাফল প্রকাশ নিয়ে। আর পরীক্ষার ফল প্রকাশে বিলম্বের জন্য বিভিন্ন ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয় ছাত্রছাত্রী এবং অভিভাবককে। এ নিয়ে বার বার লেখালেখি হলেও কর্তৃপক্ষের অবস্থানের তেমন পরিবর্তন হয়েছে বলে মনে হচ্ছে না। একটি পরীক্ষার ফল বের হতে প্রায় দু'বছর লাগান আদৌ কোন কর্তৃপক্ষের পক্ষেই সুনামের নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর উদ্যমী পুরুষ বলে পরিচিত। দীর্ঘদিন শিক্ষকতা এবং এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরিচিত। আশা করব জরুরী ভিত্তিতে উল্লিখিত পরীক্ষার ফল প্রকাশের উদ্যোগ গ্রহণ করবেন।